RRI
River Research Institute

নদী গবেষণা ইনস্টিটিউট
পানি সম্পদ মন্ত্রণালয়
ফরিদপুর-৭৮০০, বাংলাদেশ

ফোন: +৮৮০২৪৭৮৮০৩০০৭, ই-মেইল: dg@rri.gov.bd, ওয়েবসাইট: www.rri.gov.bd

নং-৪২.১০৩.০১১.০১.০০.১৫৬২.২০২৪-১৮৯৮

তারিখ: ০২ আষাঢ় ১৪৩২
১৬ জুন ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

নদী গবেষণা ইনস্টিটিউট এর রাজস্বখাতভুক্ত স্থায়ী পদে জনবল নিয়োগের জন্য নিম্নোক্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তে সরাসরি নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে অন-লাইনে (http://rri.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে:-

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | সরাসরি নিয়োগের জন্য বয়সসীমা | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ক্যাশিয়ার<br>টাকা ১০২০০-২৪৬৮০/=<br>(১৪নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী। | জনপ্রশাসন মন্ত্রণালয় এর নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ তারিখ: ২৩ জুলাই ২০২৪খ্রি. এর প্রজ্ঞাপন অনুযায়ী কোটা নির্ধারিত হবে। |
| ২. | ক্যাটালগার<br>টাকা ১০২০০-২৪৬৮০/=<br>(১৪নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে-<br>(ক) অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা; অথবা (খ) গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৩. | ইলেকট্রিশিয়ান গ্রেড-বি<br>টাকা ৯৭০০-২৩৪৯০/=<br>(১৫নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সনদপ্রাপ্ত<br>অথবা<br>কারিগরি শিক্ষা বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ট্রেডে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২(দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৪. | মডেল টেকনিশিয়ান গ্রেড-এ<br>টাকা ৯৩০০-২২৪৯০/=<br>(১৬নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০২ (দুই)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাকা ৯৩০০-২২৪৯০/=<br>(১৬নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতিমিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দসহ কম্পিউটার Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে;<br>(ঘ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৬. | গাড়ীচালক (লাইট)<br>টাকা ৯৩০০-২২৪৯০/=<br>(১৬নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০৫ (পাঁচ)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা গাড়ী চালনায় বৈধ লাইসেন্সধারী। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭. | কাঠমিস্ত্রি গ্রেড-বি<br>টাকা ৯৩০০-২২৪৯০/=<br>(১৬নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সনদপ্রাপ্ত; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৮. | ট্রেসার<br>টাকা ৯০০০-২১৮০০/=<br>(১৭নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সনদপ্রাপ্ত; এবং (গ) সুন্দর হস্তাক্ষরের অধিকারী। | |
| ৯. | গবেষণাগার বেয়ারার গ্রেড-এ<br>টাকা ৮২৫০-২০০১০/=<br>(২০নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০৬ (ছয়)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১০ | অফিস সহায়ক<br>টাকা ৮২৫০-২০০১০/=<br>(২০নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১১ | হেলপার (বৈদ্যুতিক)<br>টাকা ৮২৫০-২০০১০/=<br>(২০নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| | হেলপার (ভান্ডার)<br>টাকা ৮২৫০-২০০১০/=<br>(২০নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১২ | গ্রন্থাগার বেয়ারার<br>টাকা ৮২৫০-২০০১০/=<br>(২০নং গ্রেড) | ১৮-৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-

০১. ০১ জুন ২০২৫খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ১৮ বছর হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বিবেচ্য সকল শূন্য পদ পূরণে নদী গবেষণা ইনস্টিটিউট কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০১৯ অনুসরণ করা হবে।"

০৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

০৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬. ইলেকট্রিশিয়ান গ্রেড-বি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গাড়ীচালক (লাইট), কাঠমিস্ত্রি গ্রেড-বি এবং ট্রেসার পদের ক্ষেত্রে কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। অন্যান্য পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

০৭. অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০৮. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৯. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. পত্রিকা ছাড়াও নদী গবেষণা ইনস্টিটিউট এর Website: www.rri.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://rri.teletalk.com.bd অথবা প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, অবলোকন করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১১. নারী প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে।

১২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://rri.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৯/০৬/২০২৫খ্রি: সকাল- ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮/০৭/২০২৫খ্রি: বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোর্চ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোর্চ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিণ্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নিভুর্ল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ক্রমিক নং ১-৭ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৮-১২ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk -এর সার্ভিস চার্জ ৬(ছয়)/-টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: RRI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example:RRI ABCDEF***

*Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type RRI<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: RRI<space>Yes<space>PIN লিখে Sendকরতে হবে 16222নম্বরে।

***Example:RRI YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for RRI Application for post (xxxxxxxxx) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://rri.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে RRI<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: RRI Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: RRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: RRI Help PIN 12345678 & send to 16222.

১৩। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক/পৌরসভার মেয়র/ প্রশাসক/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রশাসক/ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) কোটা প্রাপ্যতা সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা (জনপ্রশাসন মন্ত্রণালয় এর নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ তারিখ: ২৩ জুলাই ২০২৪খ্রি. এর প্রজ্ঞাপন) অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রশাসক/ পৌরসভার মেয়র/কাউন্সিলর/ প্রশাসক কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সন্তান হওয়ার প্রত্যায়নপত্র দাখিল করতে হবে;

(ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার মেয়র/প্রশাসক, সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রশাসক অথবা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(চ) জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত অনুলিপি;

(ছ) অনলাইন-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

১৬/৬/২০২৫

(এস এম আবু হোরায়রা)
মহাপরিচালক